

## সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ১৩৭৯

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩২৪. লাইলাতুল কদর (মহিমাম্বিত রাত) এর বর্ণনা।

### باب فِي لَيْلَةِ الْقَدْرِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ حَفْصِ بْنِ عَبْدِ اللَّهِ السُّلَمِيُّ، حَدَّثَنَا أَبِي، حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ طَهْمَانَ، عَنْ عَبَّادِ بْنِ إِسْحَاقَ، عَنْ مُحَمَّدِ بْنِ مُسْلِمٍ الزُّهْرِيِّ، عَنْ ضَمْرَةَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَنَيْسٍ، عَنْ أَبِيهِ، قَالَ كُنْتُ فِي مَجْلِسِ بَنِي سَلَمَةَ وَأَنَا أَصْغَرُهُمْ، فَقَالُوا مَنْ يَسْأَلُ لَنَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ لَيْلَةِ الْقَدْرِ وَذَلِكَ صَبِيحَةَ إِحْدَى وَعِشْرِينَ مِنْ رَمَضَانَ . فَخَرَجْتُ فَوَافَيْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةَ الْمَغْرِبِ ثُمَّ قُمْتُ بِبَابِ بَيْتِهِ فَمَرَّ بِي فَقَالَ " ادْخُلْ " . فَدَخَلْتُ فَأَتَيْتُ بِعَشَائِهِ فَرَأَنِي أَكْفُ عَنْهُ مِنْ قَلْبِهِ فَلَمَّا فَرَغَ قَالَ " نَاوِلْنِي نَعْلِي " . فَقَامَ وَقُمْتُ مَعَهُ فَقَالَ " كَأَنَّ لَكَ حَاجَةٌ " . قُلْتُ أَجَلٌ أُرْسَلَنِي إِلَيْكَ رَهْطٌ مِنْ بَنِي سَلَمَةَ يَسْأَلُونَكَ عَنْ لَيْلَةِ الْقَدْرِ فَقَالَ " كَمْ اللَّيْلَةُ " . فَقُلْتُ اثْنَتَانِ وَعِشْرُونَ قَالَ " هِيَ اللَّيْلَةُ " . ثُمَّ رَجَعَ فَقَالَ " أَوِ الْقَابِلَةُ " . يُرِيدُ لَيْلَةَ ثَلَاثِ وَعِشْرِينَ .

বাংলা

১৩৭৯. আহমাদ ইবন হাফস (রহঃ) ..... দুমরাহ্ (রহঃ) তাঁর পিতা আব্দুল্লাহ্ (রাঃ) হতে বর্ণনা করেন। তিনি বলেনঃ একদা আমি বনু সালামার এক মজলিসে উপস্থিত ছিলাম এবং সেখানে আমিই সর্বকনিষ্ঠ ব্যক্তি ছিলাম। তাঁরা পরামর্শ করেন যে, আমাদের মধ্যকার কোন ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লামকে 'লায়লাতুল-কদর' সম্পর্কে জিজ্ঞাসা করবে? এই মজলিস রমযান মাসের ২১ তারিখ সকালে অনুষ্ঠিত হয়। রাবী বলেনঃ তখন আমি (এটা জিজ্ঞাসার জন্য) বের হই এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম-এর সাথে মাগরিবের নামায আদায় করি। নামায শেষে আমি তাঁর ঘরের সম্মুখে দন্ডায়মান হই। তিনি আমার পাশ দিয়ে যাবার সময় বলেনঃ ভিতরে প্রবেশ কর। আমি ভিতরে প্রবেশ করি। এই সময়ে তাঁর সম্মুখে রাতের খাবার হাযির করা হলে খাদ্যের পরিমাণ কম থাকায় আমি কম খেয়ছি।

অতঃপর তিনি খাওয়া শেষ করে বলেনঃ আমার জুতাগুলি দাও। তিনি দন্ডায়মান হলে আমিও তাঁর সাথে দাঁড়াই।

তখন তিনি জিজ্ঞাসা করেনঃ নিশ্চয় তোমার কোন প্রয়োজন আছে। আমি বলিঃ বনী সালমার লোকেরা আপনার নিকট 'লায়লাতুল-কদর' সম্পর্কে জিজ্ঞাসা করার জন্য আমকে পাঠিয়েছে। তিনি বলেনঃ আজ কোন রজনী? আমি বলিঃ অদ্য রমযানের ২২তম রাত। তখন তিনি বলেনঃ আজকের রাত কদরের রাত। অতঃপর তিনি তা প্রত্যাহার করে বলেনঃ আগামী রাত এবং তিনি এর দ্বারা ২৩শে রমযানের রাতের প্রতি ইংগিত করেন। (নাসাঈ)।

## English

Narrated Abdullah ibn Unays:

I was present at the gathering of Banu Salamah, and I was the youngest of them.

They (the people) said: Who will ask the Messenger of Allah (ﷺ) for us about Laylat al-Qadr? That was the twenty-first of Ramadan. I went out and said the sunset prayer along with the Messenger of Allah (ﷺ). I then stood at the door of his house.

He passed by me and said: Come in. I entered (the house) and dinner was brought for him. I was prevented from taking food as it was scanty.

When he finished his dinner, he said to me: Give me my shoes. He then stood up and I also stood up with him. He said: Perhaps you have some business with me.

I said: Yes. Some people of Banu Salamah have sent me to you to ask you about Laylat al-Qadr. He asked: Which night: Is it tonight?

I said: Twenty-second. He said: This is the very night. He then withdrew and said: Or the following night, referring to the twenty-third night.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=33260>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন